ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের ফোকাল পয়েন্ট হিসেবে নির্বাচিত হলেন ইমরান হোসেন

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (YIGF) বাংলাদেশ জাতিসংঘ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের (UNIGF) সঙ্গে
বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ) এর একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটি একটি বহু-অংশীদার, যুবক এবং যুবমহিলাদের নেতৃত্বাধীন প্ল্যাটফর্ম। যা ইন্টারনেট শাসন-সম্পর্কিত বিষয়গুলি জড়িত।

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম বাংলাদেশ ২০২১ এর গত ৩০-৩১ জুলাই আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয় ফোকাল পয়েন্ট (খুলনা) হিসেবে ইমরান হোসেন নির্বাচিত হয়েছেন। বাংলাদেশে প্রথমবারের মতো অনুষ্ঠানটি আয়োজন করেছে বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ)। এর পৃষ্ঠপোষকতা করেছে আইসিএএনএন, এপনিক, ফেসবুক এবং গুগল। এবিষয়ে

অনুষ্ঠানে ইমরান হোসেন বলেন, তিনি ২০১৪ সাল থেকে খুলনার অনেক বিভাগীয় শহর থেকে পৌরসভার সহায়তায় একটি বিনামূল্যে ইন্টারনেট প্রকল্প (ফ্রি ওয়াইফাই) শুরু করেছিলেন। এখন তিনি খুলনা বিভাগীয় যুবকদের জন্যই ন্টারনেট ব্যবহার, শাসন এবং কাজ করার আরেকটি সুযোগ পেয়েছেন। তিনি অনুষ্ঠানে ডোমেইন নাম নিবন্ধন প্রক্রিয়া এবং নিরাপত্তা নিয়েও কথা বলেছেন।
তিনি সবার জন্য সহজলভ্য, স্থিতিশীল এবং নিরাপদ ইন্টারনেটের জন্য কাজ করতে চান।

মেহেরপুরে যথাযথ মর্যাদায় শেখ

কামালের জন্মবার্ষিকী পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে দিবসটি পালন উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বিশেষভাবে তৈরি মঞ্চে শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম প্রথমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুস্পমাল্য অর্পণ করেন। এরপর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান জেলাবাসীর পক্ষে এবং পরে জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, স্বাস্থ্য বিভাগের পক্ষে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মোহাম্মদ নাসির উদ্দীন ,পৌরসভা ও যুবলীগের পক্ষে, মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষে সুপার ডাঃ মোঃ রফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলার পক্ষে উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পুস্পমাল্য অর্পণ করেন। মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর এনজিও সমিতি পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ-আল-আসাদ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, (সার্কেল) অপু সরোয়ার,সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান, ডিবির ওসি জুলফিকার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান গ্রহণ সেখানে উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালে ৭২ তম জন্মদিন পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদার সহিত স্বাস্হবিধি মেনে পালন করা হয়েছে।
উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলা পরিষদ চত্তরে স্হাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী অর্পন করা হয়।
মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা প্রশাসন,এর পর মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেমের নেতৃত্বে মুজিবনগর থানা পুলিশ,উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ,উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের নেতুত্বে উপজেলা আওয়ামীলীগ,সুশিল সমাজ,বিশিষ্ট ব্যাক্তিবর্গ,সরকারী বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন।শ্রদ্ধাঞ্জলী শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া করা হয়।
দোয়া মাহফিল শেষে উপজেলা অডিটরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদের দিন ব্যাপি আয়োজনের মধ্য বাদ জোহর মসজিদে মসজিদে কোরান খতম ও দোয়া মাহফিল অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা, উপজেলা যুব উন্নয়ন কর্তৃক গাছের চারা বিতরণ ও ফুটবল খেলার আয়োজন করা হয়েছে।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন পালিত

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জৈষ্ঠ্য পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা করেছে মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন। আজ বৃহষ্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, বিশেষ অতিথী ছিলেন সাবেক সাংসদ বীরমুক্তিযোদ্ধা মকবুল হোসেন, পৌরমেয়র আহম্মেদ আলী, সহকারী কমিশনার(ভূমি) নাজমুল আলম। বক্তারা বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের আত্মার মাগফেরাত কামনা করেন । এসময় সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী,সাবেক উপজেলা চেয়ারম্যান একেএম শফিকুল আলম,উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন,সাধারণ সম্পাদক মোঃ শফি কামাল পলাশ উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কর্মচারী, রাজনৈতিক নের্তৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা আওয়ামীলিগের আয়োজনে ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মদিন পালন

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের নেতৃত্বে কেক কেটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পালন করেছে উপজেলা আওয়ামীলীগ।

বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে কেদারগঞ্জ বাজারের উপজেলা আওয়ামীলীগের কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্হিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ামম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান (নান্নু) সম্পাদক আব্দুরর রহমান (বল্টু), বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের (সাবেক)সাধারণ সম্পাদক ও কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা,সম্পাদক বাবুল মল্লিক,ইউপি সদস্য আনারুল ইসলাম,শংকর বিশ্বাসসহ আওয়ামীলীগ,যুবলীগ, সেচ্ছাসেবকলীগ,ছাত্রলীগে নেতা কর্মীবৃন্দ।
আলোচনা সভা শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তিরকামনা করে দোয়া করা হয় এবং কেক কেটে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭২ তম জন্মবার্ষিকী পারন করা হয়।

কুষ্টিয়ায় করোনায় আরও ১১ জনের মৃত্যু, মোট মৃত্যু ৫৮৯

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে আরও ১১ জনের মৃত্যু হয়েছে। এরমধ্যে করোনায় আক্রান্ত হয়ে ৯ জন এবং উপসর্গ নিয়ে মারা গেছেন ২ জন। একই সময়ে ৫৯০টি নমুনা পরীক্ষা করে ২৩১ জনের করোনা শনাক্ত হয়েছে। পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ৩৯ দশমিক ১৫ শতাংশ।

বৃহস্পতিবার করোনা ডেডিকেটেড কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উপ-পরিচালক ডা. আব্দুল মোমেন এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, ‘গতকাল বুধবার সকাল ৮টা থেকে আজ সকাল ৮টা পর্যন্ত এই মৃত্যু ও শনাক্ত হয়’। ‘করোনা ও উপসর্গ নিয়ে মারা যাওয়া সবাই কুষ্টিয়া করোনা ডেডিকেটেড ২৫০-শয্যা জেনারেল হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসাধীন ছিলেন।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ আশরাফুল আলম জানান, বর্তমানে হাসপাতালে ২৭৭ জন ভর্তি আছেন। জেলায় হোম আইসোলেশনে আছেন দুই হাজার ৯৮৮ জন। গতকাল জেলায় সুস্থ হয়েছেন ১২৩ জন।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডাঃ এএইচএম আনোয়ারুল ইসলাম বলেন, কুষ্টিয়ায় এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়েছেন ১৫ হাজার ৫০৩ জন এবং মারা গেছেন ৫৮৯ জন।

মেহেরপুরে নতুন করে আরও ২৮ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ২৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৬ জন, গাংনীতে ০৫ জন, মুজিবনগর ০৭ জন।

বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৩৭ টি। তারমধ্যে ২৮ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫০৯ জন। তার মধ্যে সদরে ১৭৬ জন, গাংনীতে ২৩৮ জন এবং মুজিবনগরে ৯৫ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৪৬ জন । মৃতদের মধ্যে সদরে ৬৬ জন, গাংনী ৪৯ জন ও মুজিবনগরে ৩১ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

কালীগঞ্জে লাশের শিউরে দাঁড়ানো যেনো নিত্য রুটিন এমপি আনারের

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। বর্তমানে তিনি দ্বিতীয় মেয়াদে ক্ষমতাসীন আওয়ামীলীগ সরকারের নির্বাচিত সংসদ সদস্য এবং উপজেলা আওয়ামীলীগের নির্বাচিত সাধারণ সম্পাদক। ছাত্রজীবন থেকে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের আদর্শে নিয়ে রাজনীতিতে পা রাখেন।

স্থানীয় পৌর নির্বাচনে কমিশনার নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে তিনি ভোটের রাজনীতি শুরু করেন। পরবর্তীতে অনেক ভোটের ব্যবধানে উপজেলা পরিষদ নির্বাচনে জয়ী হয়ে উপজেলা চেয়ারম্যান এর দ্বায়িত্ব পালন করেন। জাতীয় নির্বাচনগুলোতেও তিনি অনেক ভোটের ব্যবধানে প্রতিদ্ব›দ্বী প্রার্থীদের কে পরাজিত করেন ।

স্বাধীনতা পরবর্তী সময়ে ঝিনাইদহ ৪ নির্বাচনী এলাকায় বিভিন্ন রাজনৈতিক দলের অনেক নেতার জন্ম হয়েছে। বিভিন্ন সময় বিভিন্ন মেয়াদে তারাও ক্ষমতায় থেকে জনগণের সেবা করেছেন। আনোয়ারুল আজিম আনারও কমিশনার থেকে এমপি হয়ে ঝিনাইদহ-৪ নির্বাচনী এলাকার জনগণের সেবা করে যাচ্ছেন। সত্য, সুন্দর এবং সাধারণত্ব দিয়ে এম পি আনার নিজের জন্য স্বতন্ত্র একটি স্টাইল তৈরি করে চলছেন। তার অনেকগুলো ভালো কাজের একটি হলো, মৃত ব্যক্তির শেষকৃর্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করা।

এলাকায় থাকাকালীন সময়ে যদি একই দিনে একাধিক ব্যক্তির মৃত্যু সংবাদ পান তাহলেও তিনি নিজে বাইক চালিয়ে সেখানে উপস্থিত হয়ে মৃত ব্যক্তির ধর্ম অনুযায়ী শেষকৃত্য অনুষ্ঠান অংশগ্রহণ করেন। পাশাপাশি শোকাহত পরিবারকে সমবেদনা জানান। দীর্ঘদিন ধরে তিনি এই কাজটি করে আসছেন।

কয়েক সহস্র শেষকৃর্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। ব্যতিক্রমী এই কাজটি কেবল ঝিনাইদহেই নয় অন্য কোনো নির্বাচনী এলাকার সংসদ সদস্যকে করতে দেখা যায়নি। ঝিনাইদহ ৪ আসনের সাধারণ জনগণ এম পি আনারের ব্যাতিক্রমী এই কাজের আন্তর্জাতিক স্বীকৃতির দাবি জানায় সরকারের নিকট।

মোবারকগঞ্জ সুগার মিলস লিমিটেড এর ও এ পি গোলাম রসুল জানান, অভাবনীয় নেতৃত্ব গুণে গুণান্বিত ঝিনাইদহ ৪ আসনের সাংসদ আনোয়ারুল আজিম আনার। ব্যতিক্রমী কিছু কর্মকান্ডের মাধ্যমে তিনি তার নির্বাচনী এলাকায় জনগণের খুব কাছের মানুষের পরিণত হয়েছেন।

সামনে-পেছনে নেই কোন গাড়ির বহর, নেই কোনো পুলিশি পাহারা নিজ বাইকে চেপে নির্বাচনী এলাকার এ প্রান্ত থেকে ও প্রান্ত ছুটছেন প্রতিনিয়ত। সকাল সাতটা থেকে শুরু করে গভীর রাত অব্দি জনগণের সেবাই নিজেকে উৎসর্গ করেছেন। নির্বাচনী এলাকায় যতগুলো মৃত্যুসংবাদ তার কানে পৌঁছায় তিনি প্রতিটি মৃত ব্যক্তির শিওরে হাজির হয়ে যান। তার দৈনন্দিন সকল কাজের মধ্যে এটি একটি অন্যতম কাজ হিসেবে তিনি তা প্রতিনিয়ত করে চলেছেন।

এ ব্যাপারে সাংসদ আনোয়ারুল আজীম আনার জানান, জনগণ আমাকে ভোট দিয়ে নির্বাচিত করেছে তাদের সেবা করার জন্য। আমি এখন জনগণের কাছে দ্বায়বদ্ধ, আমি এখন তাদের সেবক। দেশনেত্রী শেখ হাসিনার নির্দেশে আমি করোনাকালেও জনগনের পাশে থাকার চেষ্টা করেছি, এখনো আছি। আমি আমার নির্বাচনী এলাকার মানুষের জন্য জীবন দিতেও প্রস্তুত আছি।

তিনি সূরা আম্বিয়ার ৩৫ নাম্বার আয়াত ‘প্রত্যেক প্রাণই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে । আমি তোমাদের ভালো ও খারাপ অবস্থা দিয়ে পরীক্ষা করি । আর আমারই কাছে তোমাদের ফিরে আসতে হবে’- উল্লেখ করে বলেন, আমার এলাকার কোনো ব্যক্তির মৃত্যু সংবাদ পেয়ে যখন আমি সেখানে উপস্থিত হই তখন নিজেকে তাদের একজন বলে মনে হয়। তারাও আপনজন হিসেবে আমাকে গ্রহণ করে। অন্যরকম এক আবেগঘন মুহূর্তের সৃষ্টি হয় সেসময়, যা আমি হৃদয় দিয়ে অনুভব করি।

জীবননগরে দুস্থ অসহায় পরিবারের

মাঝে উপহার সামগ্রী বিতরণ

জীবননগরে মহামারী করোনায় ক্ষতিগ্রস্থ দুস্থ অসহায় পরিবারের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।
গতকাল বুধবার সকাল ৯টার সময় জীবননগর শিশু নিলয় ফাউন্ডেশনের আয়োজনে উপজেলার ৪৮টি পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ হয়। শিশু নিলয় ফাউন্ডেশন জীবননগর এরিয়ার সহকারি পরিচালক শাহাজামালের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খাদ্য সামগ্রী বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলাম।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর পৌর কাউন্সিলার জয়নাল আবেদীন,সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

ঝিনাইদহে ফসলী জমির পাশের ইটভাটা বন্ধের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহে ফসলী জমির পাশে গড়ে ওঠা অবৈধ ইটভাটা উচ্ছেদের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। বুধবার সকালে সদর উপজেলার উত্তর কাস্টসাগরা গ্রামে এ কর্মসূচীর আয়োজন করে গ্রামবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে ওই গ্রামের ৩ শতাধিক নারী, পুরুষ, বৃদ্ধ ও শিশুরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন ওই গ্রামের ইউপি সদস্য মিজানুর রহমান মিজু, আব্দুস সাত্তার শেখ, ইনছার মালিথা, সাইফুল ইসলাম, আশরাফুল ইসলাম, মনিরুল ইসলাম ও আলামিন। এসময় বক্তারা অভিযোগ করে বলেন, উত্তর কাস্টসাগরা গ্রামের মহাসড়ক ও এলজিইডির সড়কের পাশে অবৈধভাবে ফাইভ স্টার নামের ইটভাটা স্থাপন করা হয়েছে। যে কারণে পাশের জমির ফসল নষ্ট হচ্ছে। দুষণ হচ্ছে পরিবেশ। ইটভাটা মালিক জাহাঙ্গীর আলম মুছা ভাটার পাশের রাস্তা দখল করেছে। গ্রামের শত শত কৃষক ওই রাস্তা দিয়ে মাঠে চাষাবাদ করতে যেত। কোন কারণে কৃষকের তার ইটভাটার উপর গেলে মারধর করে। সম্প্রতি ২ কৃষককে পিটিয়ে ও কুপিয়ে মারাত্বক যখম করেছে মুছা ও তার ভাটার শ্রমিকরা।

বক্তারা, দ্রæত ইটভাটা অন্যত্র সরিয়ে নেওয়ার দাবি জানান। এ দাবি মানা না হলে কঠোর কর্মসূচীর হুশিয়ারি প্রদাণ করেন তারা। এ ব্যাপারে ইটভাটা মালিক জাহাঙ্গীর আলম মুছা জানান, ঘটনার দিন উত্তর কাস্টসাগরা গ্রামের কবির ও তার ভাই সাইফুল পরিকল্পিত ভাবে আমার মাথায় লাঠি দিয়ে আঘাত করে। পরে আমার ইট ভাটার শ্রমিক ও ভাইয়েরা ঠেকাতে গিয়ে কবির ও তার ভাই সামান্য আহত হয়। তিনি বলেন ইট ভাটার মধ্য দিয়ে তাদের রাস্তা দিতে হবে। আমার লীজ নেওয়া জমির উপর দিয়ে আমি কেন রাস্তা দেব। তাছাড়া ভাটার এক পাশ দিয়ে তো রাস্তা আগেই দিয়েছি। কিন্তু তারা ইট ভাটার সব দিক থেকে রাস্তা নিতে চাই। এ নিয়ে একটি মহল মানববন্ধন ও নানা অপতৎপরতা চালাচ্ছে।